কুষ্টিয়ায় বিদেশি পিস্তল, ম্যাগজিন, গুলি ও ইয়াবাসহ আটক-১

কুষ্টিয়ার ভেড়ামারায় একটি বিদেশি পিস্তল, ম্যাগজিন, ৭ রাউন্ড গুলি ও ১১ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জাহিদুল ইসলাম (৪৭) নামের একজনকে আটক করেছে পুলিশ।
গত শনিবার রাতে ভেড়ামারা উপজেলার লালন শাহ সেতু সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করে হাইওয়ে পুলিশ।
আটককৃত জাহিদুল ইসলাম ভেড়ামারা পৌরসভার কাচারি পাড়ার মৃত গোলাম মোস্তফার ছেলে।
কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা জুলহাস উদ্দিন জানান, রাতে লালন শাহ সেতু সংলগ্ন এলাকায় মোটরসাইকেল নিয়ে যাওয়ার সময় চেকপয়েন্টে থামতে নির্দেশ দিলেও না মেনে ছুটে চলে। পরে তাকে পিছু নিয়ে আটক করতে সক্ষম হই। এ সময় একটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন, ৭ রাউন্ড গুলি ও ১১ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।
আটককৃত জাহিদুল ইসলামের বিরুদ্ধে ভেড়ামারা থানায় অস্ত্র ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের হয়েছে।

চুয়াডাঙ্গায় ট্রাক চালককে গুলি করে হত্যার চেষ্টা, আটক-১

চুয়াডাঙ্গায় পূর্ব বিরোধের জেরে সাচ্চু রহমান (৪০) নামে এক ট্রাক চালককে গুলি করেছে প্রতিপক্ষের লোকজন। পরে অভিযান চালিয়ে অভিযুক্ত বাকের আলীকে আটক করেছে পুলিশ। তার কাছ থেকে উদ্ধার করা হয়েছে ছয় রাউন্ড গুলি ও একটি ম্যাগজিন।
গতকাল শনিবার বিকেল সাড়ে চারটার দিকে চুয়াডাঙ্গা বাস টার্মিনাল এলাকায় এই ঘটনা ঘটে

আহত ট্রাক চালক সাচ্চু রহমান চুয়াডাঙ্গা পৌর শহরের মাঝের পাড়ার মৃত আরিফিন শেখের ছেলে।
গুলিবিদ্ধ ট্রাক চালক সাচ্চু রহমানকে উদ্ধার করে সদর হাসপাতালে নেয়া হয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক।
স্থানীয়রা জানান, বেশ কিছুদিন থেকে নুরনগর কলোনীপাড়ার মৃত সুসাহেবের দুই ছেলে শাকের (৩৫) ও বাকেরের (২৮) সঙ্গে টাকা লেনদেনসংক্রান্ত বিষয় নিয়ে ট্রাক চালক সাচ্চু রহমানের বিরোধ চলে আসছিলো। বিকালে চুয়াডাঙ্গা বাস টার্মিনালে ট্রাক নিয়ে দাঁড়িয়ে ছিলো চালক সাচ্চু রহমান। এ সময় দুই ব্যক্তি এসে তাকে সটগান দিয়ে গুলি করে পালিয়ে যায়। এতে গুরুতর জখম হন সাচ্চু। পরে গুলিবিদ্ধ অবস্থায় তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নেয়া হয়।
সদর হাসপাতালের চিকিৎসক সার্জারি বিভাগের সিনিয়র কনসালটেন্ট ডা. ওয়ালিউর রহমান নয়ন জানান, সাচ্চু রহমানের তল পেটের বাম দিকে একটি গুলিবিদ্ধ রয়েছে।
তার অবস্থা খুবই আশঙ্কাজনক। তাই তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান জানান, ঘটনার পর নুরনগর এলাকার একটি ভুট্টা ক্ষেতে অভিযান চালিয়ে অভিযুক্ত বাকের আলীকে আটক করা হয়েছে। উদ্ধার করা হয় ছয় রাউন্ড গুলিসহ একটি ম্যাগজিন। শাকের অস্ত্রসহ এখনও পলাতক রয়েছে।
চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলা জানান, মূলত পূর্ব বিরোধের জেরেই ওই ঘটনা ঘটেছে। ঘটনার পর বাকেরকে আটক করা হয়েছে। পলাতক শাকেরকে ধরতে কাজ করছে জেলা পুলিশের একাধিক দল। অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দামুড়হুদার লোকনাথপুরে স্বামীর নির্যাতনে দুই

সন্তানের জননীর মৃত্যু

দামুড়হুদার লোকনাথপুরে স্বামীর নির্যাতনে দুই সন্তানের জননীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় ঘাতক স্বামী জাহান আলী পালাতক থাকলেও আটক করা হয়েছেন শাশুড়িকে।
ঘটনাটি ঘটেছে গত শুক্রবার রাতে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে। নিহত গৃহবধূ নুরজাহান খাতুন (৪২) দু’সন্তানের জননী।
নিহতের মা রহিমন বেগম জানান, তার মেয়েকে জামাই জাহান আলী ও তার শাশুড়ি নুরজাহান প্রায়ই নির্যাতন করতো।
নিহতের ভাই সুন্নত আলী জানান, এর আগে একবার আমার বোনকে তালাক দিয়েছিল। দুটি সন্তানের কথা ভেবে আবারও সংসার পাতিয়ে দেয় এলাকার গণ্যমান্য ব্যক্তিরা। তবে জাহান আলী ছিল খুবই পাষণ্ড। আমার বোনটাকে সে মারধর করতো।
হাউলী ইউপি’র মেম্বর রিকাত আলী বলেন, গত রাতে সদর হাসপাতালে নিয়ে গিয়েছিল গৃহবধূ নুরজাহানকে। এরপর সেখানে ভোর রাত ৪ টার দিকে মারা যায়। খবর পেয়ে সকালে দেখতে আসি।
নিহত গৃহবধূর শরীরের সমস্ত জায়গায় নির্যাতনের চিহ্ন রয়েছে। মাথায় ও চোখে নির্মমভাবে আঘাত করা হয়েছে। গতকাল শনিবার সকালে পুলিশ ঘটনাস্থলে এসে সুরতহাল রিপোর্ট তৈরি করেছে। লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।
এ ঘটনায় নিহতের ভাই সুন্নত আলী বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি হত্যা মামলা দায়ে করেছে। এ ঘটনায় সিনিয়র সার্কেল (দামুড়হুদা-জীবননগর) আবু রাসেল ঘটনাস্থল পরিদর্শন করেছেন। দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কুমারখালীতে গৃহবধূর মরদেহ

উদ্ধার

নিখোঁজের দুই দিন পর কুষ্টিয়ার কুমারখালীতে রেশমা নামে এক গৃহবধূর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
গতকাল শনিবার দুপুরে কুমারখালী উপজেলার হোগলাপাড়া গ্রামের নিজ বাড়ির পাশের আবর্জনার স্তুপ থেকে এই গৃহবধূর মরদেহ উদ্ধার করা হয়।
এলাকাবাসী জানান, এক বছর আগে কুমারখালীর হোগলাপাড়া গ্রামের ওহাবের ছেলে সুমনের সঙ্গে তেবাড়িয়া গ্রামের রেফাজের মেয়ে রেশমার বিয়ে হয়। সুমন মাদকাসক্ত থাকায় বিয়ের পর থেকেই পারিবারিক কলহ চলছিল। গত বৃহস্পতিবার রাত থেকেই রেশমা নিখোঁজ ছিল। গতকাল শনিবার ভোরে বাড়ির পাশে দুর্গন্ধের উৎস খুঁজতে খড়ের আবর্জনা সরালে নিহত রেশমার লাশ দেখতে পাওয়া যায়। থানায় খবর দিলে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে।
রেশমার পরিবারের সদস্যদের দাবি, মাদকাসক্ত স্বামী তাকে নির্যাতন করে হত্যার পর মৃতদেহ আবর্জনায় মধ্যে চাপা দিয়ে রাখে। কুমারখালী থানার অফিসার ইনচার্জ মজিবুর রহমান জানান, নিহতের স্বামী পলাতক রয়েছে। তাকে ধরতে জোর চেষ্টা চলছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে মৃত্যুর ঠিক কারণ জানা যাবে।

দর্শনা ফিলিং স্টেশন থেকে ট্রাক চুরি

দর্শনা ফিলিং স্টেশন থেকে একটি ট্রাক চুরির ঘটনা ঘটিছেয়ে একটি চোর চক্র। জনা গেছে গতকাল শুক্রবার ভোর সাড়ে ৫ টার দিকে একটি হলুদ রঙ্গের ট্রাক যার নং ঝিনাইদহ ট ১১-১৪৩০ দর্শনা ফিলিং স্টেশন থেকে গাড়ির দরজা ভেঙ্গে একটি চোরচক্র গাড়িটা নিয়ে পালিয়ে যায়। সকাল বেলা ট্রাকের মালিক দর্শনা তেল পাম্পে গিয়ে দেখে তার গাড়িটা নাই। সাথে সাথে তেল পাম্প মালিককে জনালে তার সিসি ক্যামেরা দেখে বলে গাড়িটা ভোর সাড়ে ৫ টার দিকে নিয়ে গেছে।
এ ঘটনায় গাড়ির মালিক দর্শনা কলেজ পাড়ার মৃত্য দ্বীন মোহাম্মদের

ছেলে হাসান রেজা বাদলের কাছে জানতে চাইলে তিন বলেন গত পরশু দর্শনা কেরু’র চিনি নিয়ে কুষ্টিয়া গিয়েছিল, সেখান থেকে কুষ্টিয়ার বালি বোঝায় করে নিয়ে আসে আমার ড্রাইভার আলামিন। গাড়িটা আনলোড করে দর্শনা ফিলিং স্টেশনে রেখে দেয়। ভোরের দিকে গাড়িটা নিয়ে যায় একটি চোরচক্র। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাবব্বুর রহমান কাজল ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং ট্রাকটি চুরির বিষয়টি নিশ্চিত করেছেন।
এ ঘটনায় ট্রাক মালিক দর্শনা থানায় একটি জিডি করেবে বলে জানায়।

কুষ্টিয়ায় ডিবি পরিচয়ে ছিনতাইকারী যুবক আটক

কুষ্টিয়ায় ডিবি পরিচয়ে ট্রাক ছিনতাইকালে রনি আহাম্মেদ নামে এক ছিনতাইকারীকে আটক করেছে র্যাব -১২ সিপিসি ক্যাম্পের অভিযানিক দল। গতকাল শুক্রবার সকাল ৬ টার দিকে ছিনতাইয়ের উদ্দেশ্যে ব্যবহৃত খেলনা পিস্তল ও ছিনতাইয়ে ব্যবহৃত অন্যান্য সামগ্রীসহ এই ছিনতাইকারীকে আটক করে র্যাব।
আটককৃত রনি আহাম্মেদ মিরপুর উপজেলার বলিদাপাড়া গ্রামের আনোয়ার হোসেনের ছেলে।
র্যাব-১২ সিপিসি ক্যাম্পের কোম্পানি কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, দীর্ঘদিন ধরে আটককৃত ব্যক্তিসহ একটি চক্র ডিবি পুলিশ পরিচয়ে ডাকাতি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধ করে আসছিলো। ভোররাতে এক ট্রাক ড্রাইভারকে ডিবি পুলিশ পরিচয় দিয়ে ট্রাক ছিনতাইয়ের চেষ্টা করে চক্রটি। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তার সাথে আরও কয়েকজনের সংশ্লিষ্টতা পাওয়া গেছে। চক্রের সকল সদস্যকে আটকের চেষ্টা চলছে।
আটককৃত ব্যক্তির বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় মামলার প্রস্তুতি চলছে বলেও জানিয়েছে র্যাব।

চুয়াডাঙ্গার দর্শনায় আড়াই কেজি সোনা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থেকে প্রায় আড়াই কেজি ওজনের ১১টি স্বর্ণের বার উদ্ধার করেছে বিজিবি। উদ্ধার করা সোনার আনুমানিক বাজার মূল্য এক কোটি ৫৩ লাখ ২৮ হাজার ৭৯২ টাকা।
গতকাল শুক্রবার বিকালে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে বিজিবি।
চুয়াডাঙ্গার ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে গত বৃহস্পতিবার রাতে জেলার দামুড়হুদা উপজেলার ফুলবাড়ি এলাকায় অভিযান চালানো হয়। এ সময় পরিত্যক্ত অবস্থায় দুই কেজি ৪১৬ গ্রাম ওজনের ১১টি সোনার বার উদ্ধার করা হয়। উদ্ধার করা সোনা দর্শনা থানায় হস্তান্তর করা হয়েছে।
বিজিবি পরিচালক আরো জানান, ধারনা করা হচ্ছে সোনাগুলো ভারতে পাচারের উদ্দেশ্যে সীমান্ত এলাকায় নিয়ে আসা হয়েছিলো। এ ব্যাপারে দর্শনা থানায় মামলা দায়েরের প্রস্তুতি নেয়া হচ্ছে।

জীবননগরে স্ত্রী হত্যা মামলার পলাতক আসামি স্বামী গ্রেফতার

জীবননগরে স্ত্রী হত্যা মামলায় স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সকালে ঈশ্বরদী রেলস্টেশন এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃত আব্দুস সালাম জীবননগর উপজেলার শিংনগর গ্রামের মৃত সফর সরদারদের ছেলে।
জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ জানান, গোপন তথ্যের ভিত্তিতে ওসি সাইফুল ইসলামের নির্দেশে এস আই আমির হোসেন, এস আই আনিস, এ এস আই ইমামুল ও এ এস আই আহসান হাবিব ঈশ্বরদী রেলস্টেশন এলাকায় অভিযান চালিয়ে স্ত্রী তানজিলা খাতুন হত্যা মামলার পলাতক

আসামি স্বামী আব্দুস সালামকে গ্রেফতার করা হয়।
এর আগে, গত বুধবার সন্ধ্যায় জীবননগর উপজেলার উথলী কোমরপাড়া মাঠের আখক্ষেত থেকে গৃহবধু তানজিলা খাতুনের ক্ষত-বিক্ষত মরদেহ উদ্ধার করে জীবননগর থানা পুলিশ। ওই ঘটনার রাতেই নিহতের ভাই রবিউল ইসলাম বাদী হয়ে জীবননগর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

জাতিসংঘ শান্তিরক্ষায় অনন্য অবদানের স্বীকৃতি পেলেন অতিরিক্ত পুলিশ সুপার নূর

জাতিসংঘ-আফ্রিকা ইউনিয়নের হাইব্রিড মিশন দারফুর, সুদানে শান্তিরক্ষায় কঠোর পরিশ্রম আর অসাধারণ কর্মদক্ষতার স্বীকৃতি স্বরূপ প্রশংসা সনদ পেলেন বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিটের এডমিন অফিসার অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী।
উনামিড মিশনে নিযুক্ত শান্তিরক্ষা মিশনের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার ড. সুলতান আজম তিমুরি গতকাল (২৫ ফেব্রুয়ারি) দারফুর এলফাশের লগবেইজড সুপারক্যাম্পে তার নিজস্ব কার্যালয়ে এই সনদ প্রদান করেন।
তপ্ত মরুভূমির বৈরি পরিবেশে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে নূর-ই-আলম সিদ্দিকী সর্ব্বৃহত নিয়ালা সুপার ক্যাম্প, আল ফেশার ক্যাম্প, কুটুম ক্যাম্প এর নিরাপত্তা দক্ষতার সাথে প্রদান করেন।
যথাযথ সিকিউরিটি প্রটোকল মেনে দুই দুই বার রিলোকেশনের চ্যালেঞ্জ স্বাচ্ছন্দ্যে গ্রহণ করে নির্ভরতার পরিচয় দেন এডমিন এন্ড ডিউটি অফিসার নূর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক এই শিক্ষার্থীর স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিচালিত”ওহপড়সব এবহবৎধঃরহম অপঃরারঃরবং”, “সম্পদ ব্যবস্থাপনা” ধারণা উনামিড লিডারশীপ কতৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে বলে জানান বাংলাদেশ এফপিইউ এর কমান্ডার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল হালিম। তার পরিকল্পনায় এবং ভিন্ন ভাষায় সাবলীল উপস্থাপনায় মঞ্চায়িত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আন্তর্জাতিক অঙ্গনে ভীনদেশীদের মাঝে বাংলা সংস্কৃতি প্রচারে কার্যকরী ভূমিকা রেখেছে বলে পুলিশ সুপার

হালিম জানান।
‘প্রশংসা সনদ’ প্রাপ্তিতে উচ্ছ্বাস প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার নূর জানান, ‘চেষ্টা করেছি মিশন সংশ্লিষ্ট প্রতিটি কাজে বাংলাদেশ পুলিশের ইতিবাচক ইমেজ তৈরি করে শান্তিরক্ষায় বাংলাদেশের গৌরবোজ্জ্বল অধ্যায়ের সাক্ষী হতে। দীর্ঘ ২১ মাসের নিরলস পরিশ্রম, পেশাদারীত্ব আর দায়ীত্ববোধের অর্জিত শিক্ষা বয়ে নিয়ে যেতে চাই প্রিয় মাতৃভূমি বাংলাদেশে। আজকের এই সনদ আর জাতিসংঘের শান্তি পদক প্রাপ্তি প্রেরণা জোগাবে বাংলাদেশ পুলিশের অগ্রযাত্রায় শামীল হতে।”
উল্লেখ্য অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী মিশনে গমনের পূর্বে কুষ্টিয়া ভেড়ামারা সার্কেলে কর্মকালীন বিভিন্ন চাঞ্চল্যকর গুরুত্বপূর্ণ মামলার রহস্য উন্মোচন করে কুষ্টিয়াবাসীর কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিলেন।

দামুড়হুদার কাদিপুরে সাহাবুদ্দীন হাসুয়ার কোপে রক্তাত জখম: থানায় অভিযোগ

দামুড়হুদা উপজেলার গোবিন্দপুর গ্রামের আব্দুল্লার হাসুয়ার কোপে কাদিপুর গ্রামের সহাবুউদ্দীন রক্তাত জখম হওয়ার ঘটনায় দামুড়হুদা মডেল থানায় অভিযোগ হয়েছে।
অভিযোগ সূত্রে জানা যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের মৃত ফেলু মালিতার ছেলে সাহাবদ্দীন বেনাগাড়ি মাঠে প্লাস্টিকের পাইপের মাধ্যমে ধান ক্ষেতে পানি নিচ্ছেলো।
এ সময় গোবিন্দপুর গ্রামের দুলুর ছেলে আব্দুল্লার জমির উপর দিয়ে পাইপ যাওয়ায় রাগান্বিত হয়ে সাহাবুদ্দীনকে গালিগালাজ করতে থাকেন। পরে সাহাবুদ্দীন গালিগালাজ করতে নিষেধ করলে আব্দুল্লা দেশীয় অস্ত্র হাসুয়া দিয়ে সাহাবুদ্দীনের মাথায় কোপ মারলে রক্তাত জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। তার ডাক চিৎকারে মাঠের লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। কর্তব্যরত চিকিৎসক বলেন তার মাথায় মারাত্মক আঘাত হয়েছে, সেলাই